

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিদেশ প্রশিক্ষণ শাখা
www.mopa.gov.bd



নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০০৪.২২.৪৭১

তারিখ: ২৭ ডিসেম্বর ২০২২

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **JDS** বৃত্তির অধীন জাপানে অনুষ্ঠেয় মাস্টার্স কোর্সে অংশগ্রহণের জন্য আবেদনের মেয়াদ বৃদ্ধি

Japan Human Resource Development Scholarship (JDS) বৃত্তির অধীনে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স কোর্সের ২২তম ব্যাচে অংশগ্রহণের জন্য ২৬.১২.২০২২ তারিখের মধ্যে নিম্নোক্ত ঠিকানায় সরাসরি আবেদন প্রেরণের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এক্ষণে JDS কর্তৃপক্ষ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে জাপানের নিম্নোক্ত বিশ্ববিদ্যালয়ে আবেদনের সময়সীমা পার্শ্বে বর্ণিত তারিখ পর্যন্ত বৃদ্ধি করেছে :

| S.L. | JDS Component | University | New Application deadline |
|------|---------------|-----------------------------------|--|
| 1 | CP4 | International University of Japan | 12 th January 2023, 05:00 pm |

২। উক্ত প্রোগ্রামে অংশগ্রহণে আগ্রহী ও যোগ্য কর্মকর্তাগণ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে উল্লিখিত মেয়াদে নিম্নোক্ত ঠিকানায় সরাসরি আবেদন পৌঁছাতে পারবেন:

Japan International Cooperation Center (JICE)
JDS Project Office in Bangladesh
L-261, The Pan Pacific Sonargaon Hotel,
107, Kazi Nazrul Islam Avenue,
Dhaka-1215, Bangladesh.


শর্তসমূহ :

- সংযুক্ত ও অনলাইনে প্রাপ্ত নির্দেশিকা যথাযথভাবে অনুসরণপূর্বক আবেদন করতে হবে। যে সকল কর্মকর্তার বয়স ০১/০৪/২০২৩ তারিখে ৪০ বছরের কম, যাদের চাকরির বয়স ২ বছর এবং চাকরি স্থায়ী হয়েছে, শিক্ষা জীবনে কমপক্ষে ২টি প্রথম শ্রেণি/বিভাগ (সমমান) রয়েছে এবং কোন তৃতীয় শ্রেণি নেই কেবল তাঁরাই আবেদন করতে পারবেন;
- আগ্রহী যোগ্য কর্মকর্তাগণকে ২ সেট আবেদন JICE, JDS Project Office বরাবর প্রেরণ করতে হবে। ২ সেট আবেদনের ১ সেট সরাসরি এবং ১ সেট আবেদন নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান/ বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণ জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত রেখে আবেদন অগ্রায়ন করবেন;
- কোর্সে আবেদন ও অনুমতি প্রদানের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২ খ্রি.তারিখের স্মারক নং-৮০/৯২-৫১৮(৫০০) নং স্মারকের বেসামরিক সরকারি কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালার গেজেট ও অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণ করা হবে;

৪. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬/১২/২০১৫ তারিখের ০৫.০০.০০০০.২১১.২২.১০৬.২০০৮-৩৩৯ সংখ্যক স্মারক অনুযায়ী যারা ইতিপূর্বে চাকরিরত অবস্থায় প্রেষণে বা শিক্ষাছুটিতে মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছেন তাঁদের এ কোর্সে আবেদন করার প্রয়োজন নেই;

৫. কোর্স সংশ্লিষ্ট যাবতীয় তথ্য, আবেদন ফরম ও ফরম পূরণের নির্দেশিকা এবং বিশ্ববিদ্যালয় সংক্রান্ত তথ্যাবলী <http://jds-scholarship.org/> থেকে পাওয়া যাবে।

সংযুক্তি : মাস্টার্স কোর্সের আবেদনের নির্দেশিকা,



২৮-১২-২০২২

মৌসুমী সরকার রাখী

উপসচিব

ফোন: ৯৫৭৪৪২৬

ইমেইল: ft@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৪) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৫) জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা প্রধানগণ
- ৬) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৭) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম
- ৮) জেলা প্রশাসক (সকল)
- ৯) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১১) Country Director, JICE JDS Project Office in Bangladesh, The Pan Pacific Sonargaon, L-261, 107 Kazi Nazrul Islam Avenue, Dhaka-1215, Bangladesh
- ১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয়